



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.emrd.gov.bd



নম্বর: ২৮.০০.০০০০.০২২.৬২.০০৪.১৮.১১৪

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭

০৩ নভেম্বর ২০২০

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে প্রাপ্ত সন্তোষজনক পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগতভাবে উপযুক্ততা প্রত্যয়নের পরিপ্রেক্ষিতে হাইড্রোকার্বন ইউনিটের হিসাব রক্ষণ কর্মকর্তা পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে ১০ম গ্রেডে, টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনক্রমে এবং এ প্রজ্ঞাপনের ২ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তে নিম্নবর্ণিত প্রার্থীকে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম	রেজিঃ নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	স্থায়ী ঠিকানা	পদবি
০১.	০০০০১৮	এস.এম. আব্দুল্লাহ আল-ফারুক পিতা: শেখ মোঃ আব্দুল মতিন	গ্রাম: আটলিয়া, ডাকঘর: আটলিয়া, উপজেলা: তেরখাদা, জেলা: খুলনা।	হিসাব রক্ষণ কর্মকর্তা

২। এ নিয়োগের শর্তাবলি নিম্নরূপ:

- প্রার্থীকে ০২(দুই) বছর শিক্ষানবিস হিসেবে দায়িত্ব পালন করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল রাখা অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হবে না, যে পর্যন্ত তিনি সরকারি আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় পাস করেন ও প্রশিক্ষণ সাফল্যের সাথে সম্পন্ন করেন;
- শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে সংশ্লিষ্ট পদে স্থায়ী করা যেতে পারে;
- তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- নিয়োগকৃত প্রার্থীর জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে ও চাকরির অন্যান্য শর্তাবলীর ক্ষেত্রে হাইড্রোকার্বন ইউনিটের বিদ্যমান (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা প্রযোজ্য হবে;
- যদি প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- কর্তৃপক্ষের নির্দেশে নিয়োগকৃত প্রার্থী বাংলাদেশের যে কোন অঞ্চলে চাকরি করতে বাধ্য থাকবেন;
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে নিয়োগকৃত প্রার্থীর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকরি নিয়ন্ত্রিত হবে;
- The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্বাবর-অস্বাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় নিয়ন্ত্রণকারী দপ্তরে জমা দিতে হবে;
- এ চাকরিতে যোগদানের জন্য প্রার্থী কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

৩। উপরে বর্ণিত শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য বলে বিবেচিত হলে প্রজ্ঞাপন ইস্যুর তারিখ হতে ১২ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে তিনি মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এর নিকট যোগদানপত্র দাখিল করবেন। নির্ধারিত সময়ে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৩-১১-২০২০

শামীমা ফেরদৌস

উপসচিব

ফোন: ৯৫৫১১৪৩

ইমেইল: dsadmin3@emrd.gov.bd

নম্বর: ২৮.০০.০০০০.০২২.৬২.০০৪.১৮.১১৪/১(১০)

তারিখ: ১৮ কার্তিক ১৪২৭

০৩ নভেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ।
- ৪) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
- ৫) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন।
- ৬) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট।
- ৭) পরিচালক, মহাপরিচালকের দপ্তর, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর।
- ৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ৯) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০) জনাব এস. এম. আব্দুল্লাহ আল-ফারুক, পিতা: শেখ মোঃ আব্দুল মতিন, গ্রাম: আটলিয়া, ডাকঘর: আটলিয়া, উপজেলা: তেরখাদা, জেলা: খুলনা।